



বিসমিল্লাহির রাহমানির রাহীম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(স্থাপিত : ১৭৮০)

website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com



তারিখ : ১৬/০৮/২০২৩ খ্রি.

ফাযিল (স্নাতক) পাস ১ম বর্ষের ভর্তি বিজ্ঞপ্তি (৬ষ্ঠ পর্যায়) (বিলম্ব ফি ছাড়া শেষ পর্যায়)

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর আওতাধীন সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকায় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ০৩ বছর মেয়াদী ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা (৬ষ্ঠ পর্যায়) আগামী ৩১/০৮/২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তির প্রাথমিক আবেদন ফরম (সরকারি ছুটির দিন ব্যতীত) মাদ্রাসার অফিস থেকে সংগ্রহ করা যাবে। অফিস চলাকালীন প্রত্যেক সকাল ১০:০০টা হতে বিকাল ০২:০০টা পর্যন্ত আবেদন ফরম বিতরণ ও গ্রহণ করা হবে।


ভর্তির যোগ্যতা ও নিয়মাবলী :

- ০১। ২০২১ ও ২০২২ সালে আলিম পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নিয়মিতভাবে ভর্তি হতে পারবে।
- ০২। মাদ্রাসার অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।
- ০৩। দাখিল ও আলিম পাসের মূল মার্কশীট/সার্টিফিকেটের ফটোকপি ০২ কপি সংযুক্ত করতে হবে।
- ০৪। আলিম পরীক্ষার পাসের প্রশংসা পত্রের ফটোকপি।
- ০৫। টুপি ও পাঞ্জাবি পরিহিত পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

উল্লেখ্য, যে সকল ছাত্র বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে সাধারণ ও মেধাবৃত্তি প্রাপ্ত হয়েছে তাদের বৃত্তি সংক্রান্ত তথ্য জনাব মোঃ ফারুক আহম্মেদ, কম্পিউটার অপারেটর-এর নিকট জমা দেওয়ার জন্য বলা হলো। বৃত্তির তথ্য জমা না দিলে পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

বৃত্তির তথ্য জমা দেওয়ার জন্য প্রয়োজনে যোগাযোগ : ০১৬১৩-১৬৪৮৮০

বি. দ্র. : ফাযিল ১ম বর্ষে ভর্তি হওয়ার পরে হলে সিট পাওয়ার জন্য আবেদন করতে পারবে।
আবেদনের জন্য মাদ্রাসার অফিসে যোগাযোগ করতে হবে।


(প্রফেসর মুহাম্মাদ আবদুর রশীদ)
প্রফেসর মুহাম্মাদ আবদুর রশীদ
আইডি নং-০৯২২৩
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।